স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৫ ও জুন, ২০১৬

বাংলা (Bengali)

সহায়ক পাঠক্রম (Subsidiary)

প্রথম পত্র [**(S-1) SBG-I** : **Bangla Sahityer Itihas O Bhasatattwa**]

সময় ঃ তিন ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) বাংলা ভাষার উৎস ও যুগবিভাগ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির পরিচয় বিবৃত করুন। এই কাব্যে প্রকাশিত সমাজচিত্র সম্পর্কে সংক্ষেপে লিখুন।

(গ) আধুনিক বাংলা গদ্য ভাষার বিকাশে মিশনারীদের অবদান সম্পর্কে লিখুন।

(ঘ) ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের প্রতিভার পরিচয় দিন।

(ঙ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি সম্পর্কে বিশদে আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) বৈষ্ণব পদকর্তা চণ্ডীদাসের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তাঁর কবিপ্রতিভা সম্পর্কে আলোচনা করুন।

(খ) মনসামঙ্গল কাব্যের সংক্ষিপ্ত পরিচয় উল্লেখ করে যে-কোনো একজন কবির কবিকৃতি সম্পর্কে আলোচনা করুন।

(গ) সপ্তদশ শতকের একজন মুসলমান কবি সম্পর্কে সংক্ষেপে উল্লেখ করে তাঁর কবিকৃতি সম্পর্কে লিখুন।

(ঘ) শাক্ত পদাবলীর কবি কমলাকান্ত চক্রবর্তীর কবিকৃতির সংক্ষিপ্ত পরিচয় দিন।

(ঙ) বাংলা নাটকের সূচনাপর্বে সৌখিন নাট্যাভিনয় থেকে ন্যাশানাল থিয়েটারের উদ্ভবের পর্যায়টি সম্পর্কে একটি নাতিদীর্ঘ নিবন্ধ লিখুন।

(চ) প্রাচীন বাংলা ভাষার লক্ষণগুলি সম্পর্কে সূত্রাকারে লিখুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) রাঢ়ি অথবা বঙ্গালি উপভাষার তিনটি ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করুন।

(খ) সাধু ও চলিত ভাষার লক্ষণ সম্পর্কে সংক্ষেপে লিখুন।

(গ) অর্থসংক্রম কী ? উদাহরণ দিন।

(ঘ) কৃতঋণ শব্দ বলতে কী বোঝায় ? উদাহরণ দিন।

(ঙ) কথাসাহিত্যিক প্রভাতকুমার মুখোপাধ্যায় সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখুন।

(চ) নিম্নলিখিত কবিদের রচনার বিশিষ্টতা সম্পর্কে উল্লেখ করুন (যে-কোনো একটি):

(অ) বিহারীলাল চক্রবর্তী

(আ) ঈশ্বর গুপ্ত

(ই) নবীনচন্দ্র সেন।

(ছ) রবীন্দ্রকাব্যের 'বলাকা' পর্ব সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখুন।

(জ) নিম্নলিখিত কবিদের যে-কোনো একজন সম্পর্কে লিখুন :

(অ) জীবনানন্দ দাশ

(আ) সুধীন্দ্রনাথ দত্ত

(ই) বুদ্ধদেব বসু।